

‘খ’ সেট  
নমুনা উত্তর  
এসএসসি-২০১৮  
বিষয় : ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল)  
(২০১৮ সালের সিলেবাস অনুযায়ী)  
বিষয় কোড : ১৪৩

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ৭০

উত্তরপত্র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ :

*	প্রতিটি প্রশ্নের একটি নমুনা উত্তর দেওয়া আছে। পরীক্ষার্থীর উত্তর ছবছ এ নমুনা উত্তরের মত চাওয়া প্রত্যাশিত নয়। পরীক্ষার্থীর উত্তর এ নমুনা উত্তরের চেয়ে ভালো, সমমানের বা খারাপ হতে পারে।
*	প্রদত্ত নমুনা উত্তরের কোন বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। উত্তরপত্র মূল্যায়নকারীকে পরীক্ষার্থীর সঠিক বিকল্প উত্তর বিবেচনায় এনে নম্বর প্রদান করতে হবে।
*	উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্য গঠন ও উপস্থাপন কৌশল প্রদত্ত নমুনা উত্তর থেকে ভিন্ন হওয়াই স্বাভাবিক।
*	পরীক্ষার্থীর দক্ষতাস্তরের উপর ভিত্তি করে নম্বর প্রদান করতে হবে। পরীক্ষার্থী প্রত্যাশিত দক্ষতাস্তর অনুযায়ী লিখতে পারলে ঐ দক্ষতাস্তরের জন্য বরাদ্দকৃত পূর্ণ নম্বর পাবে। সেজন্য $\frac{1}{2}$ (অর্ধেক) নম্বর দেওয়া যাবে না।

নম্বর প্রদান নির্দেশিকা (Rubrics) ও সম্ভাব্য নমুনা উত্তর (Sample Answer)

এসএসসি পরীক্ষা ২০১৮

বিষয় : ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড : ১৪৩

১ নং প্রশ্নের উত্তর :

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১ (ক)	১	প্রত্যক্ষ সেবার সংজ্ঞা/ ধারণা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তরের ক্ষেত্রে

১নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত পেশাজীবীদের অর্থনৈতিক কর্মকাণ্ডকে প্রত্যক্ষ সেবা বলে ।

অথবা,

অর্থ উপার্জনের উদ্দেশ্যে ডাক্তার, উকিল প্রকৌশলী ইত্যাদি পেশাবীবীগণ যে সেবা প্রদান করেন তাই প্রত্যক্ষ সেবা ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১ (খ)	২	পণ্যের বন্টনকারী শাখা হিসেবে বাণিজ্য ব্যাখ্যা করতে পারলে ।
	১	বাণিজ্য লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

১নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

পণ্যের বন্টনকারী শাখা হলো বাণিজ্য । ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবা সামগ্রী ভোক্তাদের নিকট পৌঁছানোর সকল কার্যাবলীকে বাণিজ্য বলে ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১ (গ)	৩	প্রজনন শিল্প চিহ্নিত করে উদ্দীপকের সাথে যৌক্তিক সম্পর্ক স্থাপন করতে পারলে
	২	প্রজনন শিল্প ব্যাখ্যা করতে পারলে
	১	প্রজনন শিল্প লিখলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

১নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

জনাব শরিফের শিল্পটি একটি প্রজনন শিল্প । উৎপাদিত সামগ্রী পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত শিল্পকে প্রজনন শিল্প বলে । যেমন : নার্সারী, হ্যাচারী ইত্যাদি । উদ্দীপকে খুলনার তেতুলিয়া গ্রামের জনাব শরিফ তার তার এলাকায় দেশি প্রজাতির মুরগির খামার স্থাপন করেন । খামারে উৎপাদিত ডিম তিনি তার এলাকায় বিক্রয় করে সফলতার মুখ দেখেন । শরিফের শিল্পটির কার্যক্রম প্রজনন শিল্পের কার্যক্রমের সাথে সাথে সাদৃশ্য পূর্ণ । তাই বলা যায়, শরিফের শিল্পটি একটি প্রজনন শিল্প ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১ (ঘ)	৪	উদ্দীপকের আলোকে অবকাঠামোগত দুর্বলতা/ অনুন্নত যোগাযোগ ব্যবস্থা চিহ্নিত করে ব্যবসায়ের ক্ষেত্রে অবকাঠামো/যোগাযোগের গুরুত্ব বিশ্লেষণ করতে ।
	৩	উদ্দীপকের আলোকে অবকাঠামোগত দুর্বলতা/ অনুন্নত যোগাযোগ ব্যবস্থা চিহ্নিত করে ব্যাখ্যা করতে পারলে
	২	উদ্দীপকের তথ্য ছাড়া অবকাঠামোগত দুর্বলতা/ অনুন্নত যোগাযোগ ব্যবস্থা ব্যাখ্যা করতে পারলে
	১	অবকাঠামোগত দুর্বলতা/ অনুন্নত যোগাযোগ ব্যবস্থা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**১নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

জনাব শরিফের ব্যবসায় সম্প্রসারণ করতে না পারার কারণ হলো অবকাঠামোগত দুর্বলতা । ব্যবসায় পরিচালনার জন্য আনুষঙ্গিক কিছু সুযোগ সুবিধা যেমন : বিদ্যুৎ, গ্যাস ও যাতায়াত ব্যবস্থা দরকার । এগুলোকেই সাধারণত অবকাঠামো বলে । ব্যবসায় অনুকূল পরিবেশ সৃষ্টির জন্য প্রয়োজনীয় অবকাঠামো থাকা বাঞ্ছনীয় । উদ্দীপকে দেখা যায়, শরিফ তার খামার আরো সম্প্রসারণ করে খুলনা শহরের বিভিন্ন এলাকায় উৎপাদিত ডিম বিক্রয় করতে চান । খুলনা তেতুলিয়ার মধ্যবর্তী ভৈরব নদীতে সেতু না থাকার কারণে তার ব্যবসায়ের পণ্যের পরিবহণে সমস্যা হচ্ছে । তাই বলা যায়, শরিফের ব্যবসা সম্প্রসারণ না করতে পারার প্রধান কারণ অনুন্নত অবকাঠামো ।

**২ নং প্রশ্নের উত্তর :**

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
২ (ক)	১	উন্নত অবকাঠামোগত উপাদান লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**২নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

ব্যবসায় পরিচালনার জন্য আনুষঙ্গিক কিছু সুযোগ সুবিধা থাকা দরকার । যেমন : বিদ্যুৎ, গ্যাস ও যাতায়াত ব্যবস্থা । এসকল সুযোগ সুবিধাই উন্নত অবকাঠামোগত উপাদান হিসেবে পরিচিত ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
২ (খ)	২	চাহিদা/পণ্যের মূল্য উল্লেখ করে ব্যাখ্যা করতে পারলে । অথবা, যে কোন গ্রহণযোগ্য উত্তর লিখে ব্যাখ্যা করতে পারলে
	১	চাহিদা/পণ্যের মূল্য লিখলে । অথবা, যে কোন গ্রহণযোগ্য উত্তর লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**২নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

ব্যবসায়ের লাভ লোকসানের হ্রাস বৃদ্ধি ঘটে দ্রব্যের মূল্য/চাহিদার পরিবর্তনের কারণে । পণ্যের চাহিদা বেশী হলে বিক্রয় ও মোট উৎপাদন বৃদ্ধি পায়/অন্যদিকে পণ্যের চাহিদা কমলে বিক্রয় হ্রাস পায় ও উৎপাদন কমে যায় । ফলে লোকসান হয় । অন্যদিকে দ্রব্যের মূল্যের পরিবর্তন হলেও ক্রয়-বিক্রয়ের উপর প্রভাব বিস্তার করে । উপরোক্ত কারণে ব্যবসায়ের লাভ-লোকসানের হ্রাস বৃদ্ধি ঘটে থাকে ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
২ (গ)	৩	মিঃ মনসুরের কর্মকাণ্ডকে ব্যবসায় উদ্যোগ হিসেবে চিহ্নিত করে উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করতে পারলে
	২	ব্যবসায় উদ্যোগ ব্যাখ্যা করতে পারলে
	১	ব্যবসায় উদ্যোগ লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ২নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

মিঃ মনসুরের পিকনিক স্পট প্রতিষ্ঠার কাজটিকে ব্যবসায় উদ্যোগ বলে। লোকাসানের সম্ভবনা আছে জেনেও ঝুঁকি নিয়ে লাভের আশায় ব্যবসায় প্রতিষ্ঠা করা এবং দৃঢ়ভাবে এগিয়ে যাওয়া ও সফল ভাবে ব্যবসায় পরিচালনা করাই হচ্ছে ব্যবসায় উদ্যোগ। মিঃ মনসুর চিত্রা নদীর তীরে স্বপ্নমূল্যে চল্লিশ একর জমি নিয়ে মনোরোম পরিবেশে স্পটটি প্রতিষ্ঠা করেন। প্রথম কয়েক বছর লোক সমাগম কম হলেও তিনি হাল ছাড়েন নি। সফল হওয়ার জন্য ঝুঁকি ও দৃঢ় মনোবল নিয়ে পরিশ্রম করেছেন। তাই বলা যায়, মিঃ মনসুরের পিকনিক স্পট প্রতিষ্ঠার কাজটি ব্যবসায় উদ্যোগ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
২ (ঘ)	৪	উদ্দীপকের আলোকে আত্মবিশ্বাস/সাহস/প্রশ্নের সাথে সম্পর্কিত যে কোন গুণ চিহ্নিত পূর্বক ব্যাখ্যা করে যথার্থতা মূল্যায়ন করতে পারলে
	৩	উদ্দীপকের আলোকে আত্মবিশ্বাস/সাহস/প্রশ্নের সাথে সম্পর্কিত যে কোন গুণ চিহ্নিত করে ব্যাখ্যা করতে পারলে
	২	আত্মবিশ্বাস/সাহস/প্রশ্নের সাথে সম্পর্কিত যে কোন গুণ চিহ্নিত ব্যাখ্যা করতে
	১	আত্মবিশ্বাস/সাহস/ প্রশ্নের সাথে সম্পর্কিত যে কোন গুণ লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ২নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

উদ্দীপকে চিত্রা নদীর তীরে স্পট তৈরিতে উদ্যোক্তার আত্মবিশ্বাস গুণটি ফুটে ওঠেছে। উদ্যোক্তাগণ বহুগুণের অধিকারী হন। এসবগুলো তাদের উদ্যোক্তা হিসেবে সফলতা লাভ করতে সহায়তা করে। আত্মবিশ্বাস একজন উদ্যোক্তার অন্যতম প্রধান গুণ। উদ্দীপকে দেখা যায় প্রথম কয়েক বছর স্পটে লোক সমাগম কম ছিল। কিন্তু তিনি হতাশ না হয়ে বিভিন্ন টেলিভিশন চ্যানেলে বিজ্ঞাপন প্রচার করেন। ফলে প্রচুর দর্শনার্থী সমাগম হতে লাগল এবং স্পট থেকে আয়ের পরিমাণ বৃদ্ধি পেতে থাকে। এখানে দেখা যায় মনসুর আত্মবিশ্বাসের সাথে পরিস্থিতি মোকাবেলা করেছে। তাই বলা যায় মিঃ মনসুর একজন সফল উদ্যোক্তা এবং উদ্যোক্তা হিসেবে তার কার্যক্রম যথার্থ।

বিঃ দ্রঃ (প্রশ্নের সাথে সম্পর্কিত উদ্যোক্তার অন্য কোন গুণ দিয়ে শিক্ষার্থী যৌক্তিকভাবে উত্তর প্রদান করলে তা সঠিক হিসেবে বিবেচনা করা যেতে পারে)

### ৩ নং প্রশ্নের উত্তর :

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৩ (ক)	১	কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার পরিচালনা শিক্ষা লিখলে
	০	অপ্রাসঙ্গিক উত্তরের ক্ষেত্রে

### ৩ নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

বিভিন্ন ধরনের কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনা শিক্ষা দেওয়াই এ প্রতিষ্ঠানের প্রধান কাজ ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৩ (খ)	২	মহিলাদের কর্মসংস্থানে মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম বর্ণনা করতে পারলে
	১	মহিলা বিষয়ক মন্ত্রণালয় লিখলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৩ নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

সরকারি সংস্থানটির নাম মহিলা বিষয়ক মন্ত্রণালয় । মহিলা বিষয়ক মন্ত্রণালয় মূলত মহিলাদের জন্য উন্নয়ন কর্মসূচি গ্রহণ করে থাকে । বিশেষ করে গ্রামের দুঃস্থ শিক্ষিত, অর্ধশিক্ষিত মহিলাদেরকে কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া এর মূল উদ্দেশ্য । এটি উদ্যোগী মহিলাদের কারিগরি দক্ষতা উন্নয়নের লক্ষ্যে অনানুষ্ঠানিক কারিগরিও প্রযুক্তিগত প্রশিক্ষণের ব্যবস্থা করে ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৩ (গ)	৩	জুবায়েরের কর্মকাণ্ডকে 'আত্মকর্মসংস্থান' হিসেবে চিহ্নিতপূর্বক উদ্দীপকের সাথে সাদৃশ্য স্থাপন করতে পারলে
	২	'আত্মকর্মসংস্থান' ধারণা ব্যাখ্যা করতে পারলে
	১	'আত্মকর্মসংস্থান' লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৩নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

জনাব জুবায়েরের কর্মসংস্থানটি আত্মকর্মসংস্থান । নিজস্ব পুঁজি অথবা ঋণকরা সম্পদ, নিজস্ব চিন্তা, জ্ঞান, বুদ্ধিমত্তা ও দক্ষতাকে কাজে লাগিয়ে নূন্যতম ঝুঁকি নিয়ে আত্মপ্রচেষ্টায় জীবিকা অর্জনের ব্যবস্থাকে আত্মকর্মসংস্থান বলে । উদ্দীপকে দেখা যায়, জনাব জুবায়ের দারিদ্রতার কারণে এস.এস.সি পাশের পর শামুক ও ঝিনুকের বিভিন্ন জিনিস তৈরির প্রশিক্ষণ গ্রহণ করেন । সাগর পাড় থেকে নানা আকারের শামুক ও ঝিনুক সংগ্রহ করে সে ঝাড়বাতি, গহণা, শো-পিচ ও খেলনা তৈরি করেন । তাই বলা যায় জনাব জুবায়ের কর্মসংস্থানটি আত্মকর্মসংস্থান ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৩ (ঘ)	৪	উদ্দীপকের আলোকে জুবায়েরের ব্যবসার ক্ষেত্র ব্যবসায়ের স্থান নির্বাচন কীভাবে প্রযোজ্য তা ব্যাখ্যা করে তার যৌক্তিকতা প্রমাণ করতে পারলে
	৩	উদ্দীপকে উল্লিখিত ব্যবসাটির উপযুক্ত ক্ষেত্র ব্যবসায়ের স্থান নির্বাচন কীভাবে প্রযোজ্য তা ব্যাখ্যা করতে পারলে
	২	আত্মকর্মসংস্থানের যৌক্তিক ক্ষেত্র হিসেবে ব্যবসায়ের স্থান নির্বাচন ব্যাখ্যা করতে পারলে
	১	আত্মকর্মসংস্থানের যৌক্তিক ক্ষেত্র হিসেবে ব্যবসায়ের স্থান নির্বাচন উল্লেখ করতে পারলে / অন্য যে কোন গ্রহণযোগ্য উত্তর প্রদান করতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৩নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

অর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় জুবায়ের ব্যবসায়টির ক্ষেত্র নির্বাচন যুক্তিযুক্ত। আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র হিসেবে এখানে স্থান নির্বাচনের বিষয়টির প্রতিফলন ঘটেছে। ব্যবসায় সাফল্য লাভের জন্য উপযুক্ত ক্ষেত্র নির্বাচন প্রয়োজন। উক্ত ব্যবসায়টির কাঁচামাল শামুক, ব্লিনক প্রাকৃতিকভাবে এখানে পাওয়া যায়। যা দিয়ে সে সহজে বাড়বাতি, গহণা, শো-পিচ ও খেলনা তৈরি করতে পারেন। তাছাড়া কল্পবাজার পর্যটক এলাকা হওয়ায় এখানে প্রচুর পর্যটক আসে। যাদের নিকট তার তৈরি জিনিস বিক্রয় করতে পারেন। অর্থাৎ জনাব জুবায়েরের কর্মকাণ্ডে আত্মকর্মসংস্থানের উপযুক্ত স্থান নির্বনের বিষয়টি ফুটে উঠেছে। এছাড়া তিনি প্রশিক্ষণ গ্রহণ করায় তার তৈরি পণ্যগুলো ভাল হয় যাহা পর্যটকদের আকৃষ্ট করে। এছাড়াও বিভিন্ন মেলায় ও প্রদর্শনীতে সরবরাহের মাধ্যমে মুনাফা অর্জন করে। কাঁচামালের সহজলভ্যতা ও বাজারজাতকরণের সুবিধা বিবেচনায় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে ব্যবসায়টির ক্ষেত্র নির্বাচন যুক্তিযুক্ত হয়েছে।

### ৪নং প্রশ্নের (ক) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৪ (ক)	১	এক মালিকানা ব্যবসায়ের সংজ্ঞা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৪ নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর (পূর্ণাঙ্গ)

সাধারণভাবে একজন ব্যক্তির মালিকানায় প্রতিষ্ঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে এক মালিকানা ব্যবসায় বলে।

### ৪ নং প্রশ্নের (খ) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৪ (খ)	২	সমবায় সংগঠন গড়ে ওঠার কারণ ব্যাখ্যা করতে পারলে
	১	সমবায় সংগঠনের ধারণা / সংজ্ঞা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৪ নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর (পূর্ণাঙ্গ)

সাধারণভাবে কতিপয় নিম্ন ও মধ্যবিত্ত ব্যক্তি নিজেদের আর্থিক উদ্দেশ্য অর্জনের জন্য স্বেচ্ছায় মিলিত হয়ে যে সমিতি গঠন করে তাকে সমবায় সমিতি বলে। শিল্প বিপ্লব ও প্রযুক্তি নির্ভর বৃহদায়তন ব্যবসায় সংগঠনের বিকাশের ফলে পুঁজিবাদী সমাজ ব্যবস্থার ভিত মজবুত হতে থাকে। এর প্রভাবে সমাজের অর্থনৈতিক বৈষম্যও দেখা দিতে থাকে। পুঁজিবাদী সমাজের সৃষ্ট এ জাতীয় অর্থনৈতিক দূর্বস্থা থেকে মুক্তির প্রয়াসে বিশ্বের বিভিন্ন দেশে সমবায় সংগঠন গড়ে ওঠে।

### ৪ নং প্রশ্নের (গ) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৪ (গ)	৩	মালিকানার ভিত্তিতে ফ্রেন্ডস এ্যান্ড ব্রাদার্সকে অংশীদারি ব্যবসায় হিসেবে উল্লেখপূর্বক উদ্দীপকের আলোকে সাদৃশ্য দেখাতে পারলে
	২	অংশীদারি ব্যবসায় ধারণা ব্যাখ্যা করতে পারলে
	১	অংশীদারি ব্যবসায় লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৪ নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর (পূর্ণাঙ্ক)

মালিকানার ভিত্তিতে ফ্রেন্ডস এ্যান্ড ব্রাদার্স ব্যবসায় সংগঠনটি অংশীদারি ব্যবসায়। সাধারণত দুই বা ততোধিক ব্যক্তি স্বেচ্ছায় মিলিত হয়ে অংশীদারি চুক্তির ভিত্তিতে যে ব্যবসায় গঠন করে তাকে অংশীদারি ব্যবসায় বলে। ১৯৩২ সালের অংশীদারি আইন অনুযায়ী সর্বনিম্ন ২ জন এবং সর্বোচ্চ ২০জন অংশীদারকে বুঝায়। ব্যাংকিং ব্যবসায় হলে সর্বোচ্চ ১০জন সদস্য। উদ্দীপকে রাজু, সাজু ও রিজু তিনবন্ধু পারস্পরিক সমসঝোতার ভিত্তিতে ফ্রেন্ডস এ্যান্ড ব্রাদার্স নামের সংগঠনটি পরিচালনা করেন এবং আলোচনার মাধ্যমে লাভ-লোকসান বন্টন করে নেয়। উপরোক্ত বৈশিষ্ট্যগুলো লক্ষ্য করলে দেখা যায় যে রাজু, সাজু ও রিজু ফ্রেন্ডস এ্যান্ড ব্রাদার্স সংগঠনটি অংশীদারি ব্যবসায় সংগঠন।

### ৪ নং প্রশ্নের (ঘ) অংশের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৪ (ঘ)	৪	মস্তিষ্ক বিকৃতির বিষয়টি উদ্দীপকের আলোকে কারণ হিসেবে উল্লেখপূর্বক ব্যবসায়টি বিলোপ সাধনের যৌক্তিকতা বিশ্লেষণ করতে পারলে
	৩	মস্তিষ্ক বিকৃতির বিষয়টি উদ্দীপকের আলোকে কারণ হিসেবে উল্লেখপূর্বক ব্যাখ্যা প্রদান করতে পারলে
	২	মস্তিষ্ক বিকৃতির কারণে অংশীদারি ব্যবসার বিলোপ সাধন ব্যাখ্যা করতে পারলে
	১	আদালতের নির্দেশে বিলোপ সাধন লিখলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৪ নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর (পূর্ণাঙ্ক)

রিজু মস্তিষ্কে আঘাত রেগে পাগল হয়ে যাওয়ার ফ্রেন্ডস এ্যান্ড ব্রাদার্স সংগঠনটি আদালতের নির্দেশে বিলোপ সাধন হয়েছে। অংশীদারি আইনের বিধান অনুসারে বিভিন্ন পক্রিয়ায় অংশীদারি ব্যবসায়ের বিলুপ্ত হতে পারে। উদ্দীপকে রিজু মস্তিষ্কে আঘাত লেগে পাগল হয়ে যায়। অংশীদারি আইনের ৪৪ ধারায় বলা হয়েছে কোন অংশীদারের মস্তিষ্ক বিকৃতি ঘটলে সে অংশীদারি ব্যবসায় আদালতের নির্দেশের বিলোপ সাধন হবে। উপরোক্ত কারণ বিশ্লেষণ করলে দেখা যায় যে, ফ্রেন্ডস এ্যান্ড ব্রাদার্স সংগঠনের রিজু পাগল হয়ে যাওয়ায় আদালত উক্ত প্রতিষ্ঠানটি বিলোপ সাধনের নির্দেশ দেয়।

### ৫ নং প্রশ্নের উত্তর :

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৫ (ক)	১	মেধা সম্পদ লিখলে
	০	অপ্রাসঙ্গিক উত্তরের ক্ষেত্রে

### ৫নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

পেটেন্ট এক ধারণের মেধা সম্পদ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৫ (খ)	২	‘কপিরাইট’ ধারণার ব্যাখ্যা প্রদান করতে পারলে / উদাহরণের সাহায্যে ‘কপিরাইট’ ধারণা ব্যাখ্যা করতে পারলে
	১	‘কপিরাইট’ এর সংজ্ঞা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**নেং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

লেখক বা শিল্পীর সৃজনশীল সাহিত্য বা শিল্প কর্ম নির্দিষ্ট সময়ের জন্য বিক্রি উন্নয়ন বা ব্যবহারের একক আইনগত অধিকারকে কপি রাইট বলে। কপিরাইটের উদ্দেশ্য হলো সৃষ্টিকর্ম নকল থেকে রক্ষা করে প্রকৃত লেখক শিল্পী বা স্বস্বাধিকারীর স্বার্থের সুরক্ষা করে। কপিরাইট আইন মোতাবেক একজন লেখক বা শিল্পীতার সৃষ্ট কাজের উপর পূর্ণ অধিকার লাভ করে। সাধারণত গল্প, নাটক, প্রবন্ধ, কবিতা, জাতীয় সাহিত্য কর্ম, চিত্রকর্ম, চলচিত্র, সঙ্গীত, ভাস্কর্য, স্থাপত্যকলা ও কম্পিউটার সফটওয়্যার কপিরাইট যারা সংরক্ষিত হয়।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৫ (গ)	৩	বিশেষ চিহ্নটিকে 'ট্রেডমার্ক' হিসেবে উল্লেখপূর্বক ট্রেডমার্ক ধারণার ব্যাখ্যা ও তা উদ্দীপকের আলোকে প্রতিষ্ঠা করতে পারলে
	২	'পণ্য প্রতীক / ট্রেডমার্ক' ধারণা ব্যাখ্যা করতে পারলে/ পণ্য প্রতীক বা ট্রেডমার্ক ধারণার সংজ্ঞা প্রদান করতে পারলে
	১	পণ্য প্রতীক / ট্রেডমার্ক লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**নেং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

জনাব অর্নবের বীজের প্যাকেটে ব্যবহৃত বিশেষ চিহ্নটিকে আইনের দৃষ্টিতে পণ্য প্রতীক / ট্রেডমার্ক বলে। ব্যবসায় কোনো পণ্যকে অন্যের অনুরূপ বা অভিন্ন পণ্য হতে স্বতন্ত্রকার লক্ষ্যে ব্যবহৃত প্রতীককে ট্রেডমার্ক বলে। স্বতন্ত্রতাই মার্ক বা প্রতীকের মূল্য বিষয়। উদ্দীপকে জনাব অর্নব দীর্ঘদিন গবেষণা করে এক ধরনের নতুন গমের বীজ উদ্ভাবন করেন। তিনি বিশেষ চিহ্ন বিশিষ্ট প্যাকেটে উদ্ভাবিত গমের বীজ বাজারে বিক্রি করে থাকেন। যা অন্য কোন গমের বীজ হতে ভিন্নতা প্রকাশ করে। উপরোক্ত বর্ণনা থেকে বলা যায় যে, অর্নবের বিশেষ চিহ্ন বিশিষ্ট প্যাকেটটিকে আইনের দৃষ্টিতে ট্রেডমার্ক বলে।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৫ (ঘ)	৪	ট্রেডমার্ক রেজিস্ট্রেশন না করাকে ব্যর্থতার কারণ হিসেবে উল্লেখ করে উদ্দীপকের আলোকে আইনগত ব্যবস্থা গ্রহণের ব্যর্থতার কারণ বিশ্লেষণ করতে পারলে
	৩	উদ্দীপকের তথ্যের ভিত্তিতে অর্নবের ক্ষেত্রে ট্রেডমার্ক রেজিস্ট্রেশন না করাকে কারন হিসেবে চিহ্নিত করতে পারলে
	২	ট্রেডমার্ক রেজিস্ট্রেশন এর প্রয়োজনীয়তা উল্লেখ করতে পারলে/ট্রেডমার্ক রেজিস্ট্রেশন ধারণা ব্যাখ্যা করতে পারলে
	১	ট্রেডমার্ক রেজিস্ট্রেশন না করাকে কারণ হিসেবে উল্লেখ করতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**নেং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

জনাব অর্নবের আইনগত ব্যবস্থা গ্রহণের ব্যর্থতার কারণ হলো ট্রেডমার্কের রেজিস্ট্রেশন না করা। কোন প্রতীক বা মার্কের রেজিস্ট্রেশন ঐ পণ্য বা সেবার ক্ষেত্রে প্রতীকটি ব্যবহারের বিষয়ে রেজিস্টার্ড মালিককে একচ্ছত্র স্বত্ব বা অধিকার প্রদান করে। উদ্দীপকে জনাব অর্নব দীর্ঘদিন গবেষণা করে এক ধরনের নতুন গমের বীজ উদ্ভাবন করে বিশেষ চিহ্ন বিশিষ্ট প্যাকেটে বাজারে বিক্রি করেন। কিন্তু অন্য বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান নকল করে অনুরূপ বীজ বাজারে বিক্রি করে। অর্নবের ট্রেডমার্ক চিহ্নটি রেজিস্ট্রেশন করা ছিলনা বিধায় আইন দ্বারা তার অধিকার সুরক্ষিত ছিল না। রেজিস্ট্রেশন না করার কারণে তিনি কোন ব্যবস্থা নিতে পারেন নাই। উপরোক্ত আলোচনা বিশ্লেষণ করলে দেখা যায় রেজিস্ট্রেশন না করার জন্য তিনি আইনগত ব্যবস্থা নিতে ব্যর্থ হয়েছেন।



### ৬ নং প্রশ্নের উত্তর :

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৬ (ক)	১	ব্যবসায় পরিকল্পনার ধারণা /সংজ্ঞা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৬ নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

ব্যবসায় পরিকল্পনা হলো ব্যসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি, যার মাধ্যমে ব্যবসায়ের লক্ষ্য প্রকৃতি, ব্যবস্থাপনার ধারা অর্থায়নের উপায় বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ উন্নয়নের সম্পূর্ণ চিত্র তুলে ধরা হয়।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৬ (খ)	২	ব্যবসায় প্রকল্প ধারণা চিহ্নিতকরণ ব্যাখ্যা করতে পারলে
	১	প্রকল্প ধারণা চিহ্নিতকরণ লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৬ নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

ব্যবসায় প্রকল্প প্রণয়নের প্রথম পদক্ষেপটি হলো প্রকল্প ধারণা চিহ্নিতকরণ। একজন সম্ভাবনাময় উদ্যোক্তার প্রকল্প চিহ্নিতকরণ প্রক্রিয়া শুরু হয় তার প্রকল্প ধারণা অনুভব করার সময় থেকেই। তিনি তার পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে কোনো পণ্য বা সেবার চাহিদা সম্পর্কে ধারণা লাভ করতে পারেন। এই চাহিদার উপর প্রকল্প নির্বাচন নির্ভর করে। সাধারণত পণ্য বা সেবা সামগ্রীর চাহিদা প্রকল্প ধারণার জন্ম দেয়।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৬ (গ)	৩	নাগদান প্রবাহ ধারণা চিহ্নিত পূর্বক উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করতে পারলে
	২	নগদান প্রবাহ বিবরণী ব্যাখ্যা করতে পারলে
	১	নগদান প্রবাহ বিবরণী লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৬ নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

জনাব রাকিব ব্যবসায়ের প্রকৃত অবস্থা জানার জন্য নগদান প্রবাহ বিবরণী তৈরি করেন। এ বিবরণীতে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ আসছে এবং কী পরিমাণ ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করা হয়। এর মাধ্যমে ব্যবসায়ের নগদের প্রকৃত অবস্থা জানা যায়। উদ্দীপকে রাকিব নির্দিষ্ট সময়ে তার ব্যবসায়ের কী পরিমাণ অর্থ আসে ও ব্যয় হয় তার হিসাব রাখার জন্য একটি বিবরণী তৈরি করেন। এই বিবরণীতে শুধু নগদ আয়-ব্যয়গুলো লিপিবদ্ধ করা হয়। তাই বলা যায়, জনাব রাকিব ব্যবসায়ের প্রকৃত অবস্থা জানার জন্য নগদান প্রবাহ বিবরণী তৈরি করেন।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৬ (ঘ)	৪	সম-আয়-ব্যয় বিশ্লেষণ ধারণা উদ্দীপকের আলোকে চিহ্নিত পূর্বক মূল্য নির্ধারণ যথাযথ বলে যুক্তি প্রদর্শন করতে পারলে
	৩	সম-আয়-ব্যয় বিশ্লেষণ ধারণা উদ্দীপকের আলোকে চিহ্নিত করে ব্যাখ্যা প্রদান করতে পারলে
	২	সম-আয়-ব্যয় বিশ্লেষণ ব্যাখ্যা করতে পারলে
	১	সম-আয়-ব্যয় বিশ্লেষণ লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৬ নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

জনাব রাকিবের সঠিক মূল্য নির্ধারণে সম-আয়-ব্যয় বিশ্লেষণ অনুসারণ করেছেন। সম-আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বুঝায় যখন আয়-ব্যয় সমান হয়। আরও পরিষ্কার ভাবে বলতে গেলে যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয় মূল্য। মোট ব্যয় সমপরিমাণ হয় তাকে সম আয়-ব্যয় বিন্দু বলে। উদ্দীপকে জনাব রাকিবের কার্যক্রমটি সম-আয়-ব্যয় বিশ্লেষণ। কারণ তিনি পণ্যের উৎপাদন ব্যয় ও বিক্রয় মূল্যের মধ্যে সমতা বিধান করেন। এ ক্ষেত্রে প্রথমে তিনি বিক্রয়ের পরিমাণ নির্ধারণ করেন। যে পরিমাণ উৎপাদন করলে তার লাভ ও হয় না আবার ক্ষতিও হয় না তা নির্ধারণ করেন। অতঃপর প্রত্যাশিত মুনাফা অর্জনের জন্য পণ্যেও উপযুক্ত মূল্য নির্ধারণ করেন। উপরোক্ত আলোচনা থেকে বলা যায় সম-আয়-ব্যয় বিশ্লেষণ এর ভিত্তিতে জনাব রাকিবের ব্যবসায়ের সঠিক মূল্য নির্ধারণ যথার্থ হয়েছে।

### ৭ নং প্রশ্নের উত্তর :

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৭ (ক)	১	উৎপাদন শিল্পের সংজ্ঞা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৭ নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

যে শিল্পে শ্রম ও যন্ত্রপাতির সাহায্যে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে মানুষের ব্যবহারযোগ্য পণ্যে রূপান্তর করা হয় তাকে উৎপাদন শিল্প বলে।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৭ (খ)	২	কুটির শিল্পের সংজ্ঞা / কুটির শিল্পের বর্ণনা প্রদান করতে পারলে
	১	কুটির শিল্প লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৭ নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

সর্বোচ্চ ১০জন জনবল বিশিষ্ট শিল্পটিকে কুটির শিল্প বলে। কুটির শিল্প বলতে পরিবারের সদস্যদের প্রাধান্য বিশিষ্ট সে সব শিল্প প্রতিষ্ঠানকে বুঝায় যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকার নিচে। সাধারণত স্বামী-স্ত্রী, পুত্র-কন্যা, ভাই, বোন ও পরিবারের অন্য সদস্যদের সহায়তায় কুটির শিল্প পরিচালিত হয়।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৭ (গ)	৩	উদ্দীপকের তথ্যের আলোকে মফিজের ১ম পর্যায়ের শিল্পটিকে উৎপাদনমুখী মাঝারি শিল্প হিসেবে চিহ্নিত করে ব্যাখ্যা করতে পারলে
	২	উৎপাদনমুখী মাঝারি শিল্পের ব্যাখ্যা প্রদান করতে পারলে
	১	উৎপাদনমুখী মাঝারি শিল্প লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ৭ নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

জনাব মফিজের প্রথম পর্যায়ের শিল্প কারখানাটি উৎপাদনমুখী মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত। উৎপাদনমুখী মাঝারি শিল্পের মূলধনের পরিমাণ ১০ থেকে ৩০ কোটি টাকা এবং শ্রমিক সংখ্যা (১০০-২৫০) জনে সীমাবদ্ধ থাকে। উদ্দীপকে জনাব মফিজ একটি জুতা তৈরির কারখানা স্থাপন করেছেন। কারখানাটি মূলত জুতা তৈরির সাথে জড়িত। অর্থাৎ এটি একটি উৎপাদনমুখী মাঝারি শিল্প। প্রতিষ্ঠানটির স্থায়ী সম্পদের মূল্য ও প্রতিস্থাপন ব্যয় ১৫ কোটি টাকা যা উৎপাদনমুখী মাঝারি শিল্পের মূলধন শর্ত, ১০-৩০ কোটির সাথে সামঞ্জস্যপূর্ণ। তাছাড়া প্রতিষ্ঠানটির শ্রমিক সংখ্যা ১৫০জন। সুতরাং মূলধন ও শ্রমিক সংখ্যা বিবেচনায় বলা যায়, জনাব মফিজের জুতা তৈরির কারখানাটি একটি উৎপাদনমুখী মাঝারি শিল্প।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৭ (ঘ)	৪	উদ্দীপকের তথ্যের ভিত্তিতে জনাব মফিজের ভাবনার শিল্পটিকে উৎপাদনমুখী বৃহৎ শিল্প হিসেবে চিহ্নিত করে, তার ভাবনার পক্ষে যুক্তি প্রদান করলে
	৩	উদ্দীপকের তথ্যের ভিত্তিতে জনাব মফিজের ভাবনার শিল্পটিকে উৎপাদনমুখী বৃহৎ শিল্প হিসেবে প্রমাণ করতে পারলে
	২	উৎপাদনমুখী বৃহৎ শিল্প ধারণা ব্যাখ্যা করতে পারলে
	১	উৎপাদনমুখী বৃহৎ শিল্প লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**৭ নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

জনাব মফিজের শিল্পটি আধুনিকায়ন করার জন্য উৎপাদনমুখী বৃহৎ শিল্পটি স্থাপনের কথা ভাবছেন বলে আমি মনে করি। উৎপাদনমুখী বৃহৎ শিল্পে ৩০ কোটি টাকার বেশি বিনিয়োগ করা হয়। এ শিল্প প্রতিষ্ঠানের ২৫০ জনেরও বেশি শ্রমিক কাজে নিয়োজিত থাকে। এরূপ শিল্প আকারে বৃহৎ হওয়ায় উৎপাদনের পরিমাণও বেশি হয়। উদ্দীপকে জনাব মফিজের কারখানাটি আধুনিকায়নের জন্য আরো ২০ কোটি টাকা ব্যয় হবে অর্থাৎ মোট মূলধন হবে ৩৫ কোটি টাকা এবং আরো ১৫০ জন শ্রমিক নিয়ে সর্বমোট ৩০০ জন শ্রমিকের প্রয়োজন হবে। এক্ষেত্রে মূলধন ও শ্রমিকের সংখ্যা একটি উৎপাদনমুখী বৃহৎ শিল্পের বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। তাই বলা যায় জনাব মফিজ বৃহৎ শিল্পের কথা ভাবছেন। প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য জনাব মফিজের ভাবনা সঠিক কারণ, বৃহৎ শিল্পে কারখানায় পণ্যের উৎপাদন খরচ তুলনামূলক ভাবে কম হওয়ায় বাজারে টিকে থাকা সহজ।

**৮ নং প্রশ্নের উত্তর :**

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৮ (ক)	১	অহেসরি ফেওল প্রদত্ত ব্যবস্থাপনার সংজ্ঞাটি লিখলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**৮ নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

ব্যবস্থাপনা হলো পূর্বানুমান ও পরিকল্পনা, সংগঠিতকরণ, নির্দেশনা, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণের সমষ্টি।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৮ (খ)	২	প্রেমণা মাধ্যমে কীভাবে কর্মীরা কাজে আগ্রহী হয় তা ব্যাখ্যা করতে পারলে
	১	প্রেমণাদান লিখলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**৮ নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

ব্যবস্থাপনায় প্রেমণাদানের মাধ্যমে কর্মীদের কাজের প্রতি আগ্রহী করে তোলা হয়। কর্মীদের আর্থিক বা অনার্থিক উপায়ে প্রেমণা দেওয়া হয়। প্রেমণার ফলে কর্মীরা আগ্রহ নিয়ে স্বতস্কৃতভাবে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ হয় এবং মানসম্মত কাজ সম্পাদনে সক্ষম হয়।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৮ (গ)	৩	উদ্দীপকের আলোকে গণতান্ত্রিক নেতৃত্ব ব্যাখ্যা করতে পারলে
	২	গণতান্ত্রিক নেতৃত্ব ব্যাখ্যা করতে পারলে
	১	গণতান্ত্রিক নেতৃত্ব কথা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**৮ নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

জনাব জান্নাতুল এর মধ্যে গণতান্ত্রিক নেতৃত্ব বিরাজমান রয়েছে। গণতান্ত্রিক নেতৃত্বে নেতা অধঃস্তনদের সাথে আলাপ আলোচনার মাধ্যমে পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করেন। এক্ষেত্রে নেতা সকল ক্ষমতা নিজের হাতে কেন্দ্রীভূত না রেখে প্রয়োজনীয় কর্তৃত্ব অধীনস্থদের কাছে অর্পণ করেন। উদ্দীপকে তাজিন ফ্যাশনের মালিক জনাব জান্নাতুল তার প্রতিষ্ঠানের অর্ধস্তন কর্মীদের সাথে আলাপ আলোচনার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন। তিনি কর্মীদের মতামত ও গ্রহণ করেন। যার ফলশ্রুতিতে সকল কর্মী কাজে মনোনিবেশ করেন। এখানে উল্লিখিত বিষয়গুলো গণতান্ত্রিক নেতৃত্বের বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। তাই বলা যায়, জনাব জান্নাতুল গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেছেন।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
(ঘ)	৪	উদ্দীপকের আলোকে মুক্ত নেতৃত্ব ধারণা ব্যাখ্যা পূর্বক মুক্ত নেতৃত্বকে সফলতা লাভ না করার কারণ হিসেবে মতামত প্রদান করতে পারলে
	৩	উদ্দীপকের আলোকে মুক্ত নেতৃত্বের ধারণা ব্যাখ্যা করতে পারলে
	২	মুক্ত নেতৃত্ব ধারণা ব্যাখ্যা করতে পারলে
	১	মুক্ত নেতৃত্ব লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**৮ নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

আজগর ফ্যাশন তাজিন ফ্যাশন এর চেয়ে বেশি সফলতা লাভ না করার কারণ হলো মুক্ত নেতৃত্ব। যে নেতৃত্বে কর্মীদের ওপর দায়িত্ব দিয়ে নেতা নিজে কর্মবিমুখ থাকেন, কর্মীদের সুনির্দিষ্টভাবে আদেশ নির্দেশ দেন না এবং কর্মীরা নিজেদের ইচ্ছে মতো কাজ-কর্ম করেন বিধায় কাজে বিশৃঙ্খলা দেখা দেয় তাকে মুক্ত নেতৃত্ব বলে। উদ্দীপকে আজগর ফ্যাশনের মালিক জনাব আজগর কর্মীদের কাজের দায়িত্ব দিয়ে নিশ্চিত্তে থাকেন। কর্মীদের কাজের জন্য জবাবদিহিতা করেন না। কর্মীরা তাদের ইচ্ছামত কাজ করেন বিধায় কাজে বিশৃঙ্খলা দেখা দেয়। অর্থাৎ আজগর সাহেবের কর্মকাণ্ডে মুক্ত নেতৃত্বের বৈশিষ্ট্য ফুটে উঠেছে। তাই আমি মনে করি আজগর ফ্যাশন তাজিন ফ্যাশন এর চেয়ে বেশি সফলতা লাভ না করার মূল কারণ নেতৃত্বের দুর্বলতা।

**৯ নং প্রশ্নের উত্তর :**

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৯ (ক)	১	সরাসরি বিপণন এর সংজ্ঞা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**৯ নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

কোনো ধরনের মধ্যস্থ ব্যবসায়ীর সাহায্য ছাড়াই উৎপাদনকারী সরাসরি ভোক্তার নিকট পণ্য বিক্রয় করলে তাকে সরাসরি বিপণন বলা হয়।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৯ (খ)	২	নতুন পণ্য বাজারে পরিচিতির মাধ্যম হিসেবে বিজ্ঞাপনকে ব্যাখ্যা করতে পারলে
	১	বিজ্ঞাপন লিখলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**৯ নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

নতুন পণ্য বাজারে পরিচিতির মাধ্যমটির হলো বিজ্ঞাপন। বিজ্ঞাপন হচ্ছে পণ্য বা সেবা সামগ্রীর প্রতি জন সাধারণের দৃষ্টি আকর্ষণের জন্য একটি উপায় বা কৌশল। বিজ্ঞাপনের মাধ্যমে খুব সহজেই ক্রেতা সাধারণকে পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ করা যায়। বিজ্ঞাপনের মাধ্যম হতে পারে টিভি, রেডিও, লিফলেট ইত্যাদি।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৯ (গ)	৩	উদ্দীপকের আলোকে স্থানগত উপযোগ চিহ্নিত পূর্বক ব্যাখ্যা প্রদান করতে পারলে
	২	স্থানগত উপযোগ ব্যাখ্যা করতে পারলে
	১	স্থানগত উপযোগ লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**৯ নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

জনাব মিজানের ব্যবসায় চীন থেকে পণ্য আনয়নে স্থানগত উপযোগ সৃষ্টি হয়েছে। পরিবহণ মাধ্যমে পণ্য এক স্থান থেকে অন্য স্থানে পৌঁছানো হয়। এভাবে পণ্য উৎপাদনকারী থেকে শেষ পর্যন্ত ব্যবহারকারীর নিকট পৌঁছে। উদ্দীপকে জনাব মিজান ইজিবাইক তৈরির জন্য যন্ত্রপাতি চীন থেকে আমদানি করেন এবং তার শোরুমে ইজিবাইক তৈরি করে বিক্রয় করেন। সুতরাং উপরোক্ত আলোচনা থেকে বলা যায়, বিদেশ থেকে যন্ত্রপাতি আমদানির মাধ্যমে মিজান সাহেব পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি করেছেন।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
৯ (ঘ)	৪	বিক্রয়কর্মী নিয়োগের ক্ষেত্রে জনাব মিজান কর্তৃক নৈতিক গুণাবলীকে প্রধান্য দেয়ার পক্ষে যুক্তি প্রদান করতে পারলে
	৩	বিক্রয়কর্মী নিয়োগের ক্ষেত্রে জনাব মিজান যে নৈতিক গুণাবলীকে প্রধান্য দিয়েছেন, তা প্রমাণ করতে পারলে
	২	নৈতিক গুণাবলীগুলো কি তা বর্ণনা করতে পারলে
	১	নৈতিক গুণাবলী উল্লেখ করলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**৯ নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

উদ্দীপকে জনাব মিজান তার দোকানে বিক্রয়কর্মী নিয়োগের ক্ষেত্রে বিক্রয়কর্মীর নৈতিক গুণাবলীর বিষয়টি বিচেনা করেছেন। একজন বিক্রয়কর্মীর নৈতিক গুণাবলীর মধ্যে সততা, ভদ্রতা, মেলামেশার ক্ষমতা ও জেভার সচেতনতা প্রভৃতি উল্লেখযোগ্য। উদ্দীপকে জনাব মিজান একজন ইজিবাইক ব্যবসায়ী। এ অবস্থায় তিনি দোকানের বিক্রয় বাড়ানোর কৌশল হিসাবে বিক্রয়কর্মী নিয়োগ দেন। নিয়োগ দেয়ার পূর্বে তিনি বিক্রয় কর্মীদের মাঝে সততা, ভদ্রতা ও সহজে অন্যের সাথে মিশতে পারে এমন নারী-পুরুষ উভয়কে বিবেচনা করেন। অর্থাৎ তিনি বিক্রয়কর্মী নিয়োগ দেয়ার ক্ষেত্রে নৈতিক গুণাবলীকে প্রধান্য দিয়েছেন। বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় - বাণিজ্যের ক্ষেত্রে বিক্রয় প্রসার ও সফলতা অর্জনে বিক্রয়কর্মীর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ, এজন্য একজন বিক্রয়কর্মীকে বিভিন্ন গুণের অধিকারী হতে হয়। বিশেষ করে ক্রেতাদের আকর্ষণের ক্ষেত্রে নৈতিকগুণসম্পন্ন বিক্রয়কর্মী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এ জন্যই আমি মনে করি মিজানের বিক্রয়কর্মী নিয়োগের সিদ্ধান্তটি যথাযথ হয়েছে।

**১০ নং প্রশ্নের উত্তর :**

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১০ (ক)	১	নতুন শিল্প প্রকল্প স্থাপনে ঋণ প্রদান লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**১০ নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংকের প্রধান কাজ হলো নতুন শিল্প প্রকল্প স্থাপনে ঋণ সহায়তা দেয়া।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১০ (খ)	২	নারী কর্মসংস্থান উদ্বুদ্ধকরণে মহিলা অধিদপ্তরের ভূমিকা বর্ণনা করতে পারলে
	১	মহিলা অধিদপ্তর লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**১০ নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

শুধুমাত্র নারী কর্মসংস্থানে উদ্বুদ্ধকরণে সরকারি সংস্থাটি হলো মহিলা অধিদপ্তর। শহর ও গ্রামের মহিলাদের সৃজনশীলতার বিকাশ, আত্মকর্মসংস্থান ও ক্ষমতায়নের লক্ষ্যে মহিলা অধিদপ্তর নারী উদ্যোক্তাদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ, ঋণ প্রদানসহ বিভিন্ন ধরনের সহায়তা প্রদান করে থাকে। প্রশিক্ষণের মধ্যে রয়েছে হাস-মুরগি ও গবাদি পশু পালন, হস্ত শিল্প, সেলাই ইত্যাদি।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১০ (গ)	৩	সমর্থনমূলক সহায়তা উল্লেখপূর্বক উদ্দীপকের আলোকে ব্যাখ্যা প্রদান করতে পারলে
	২	সমর্থনমূলক সহায়তা ধারণার ব্যাখ্যা প্রদান করতে পারলে
	১	সমর্থনমূলক সহায়তকা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**১০ নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

জনাব আরিফ প্রাথমিক পর্যায়ে ফাস্ট ফুড তৈরির কারখানা স্থাপনে সমর্থনমূলক সহায়তা গ্রহণ করেছেন। যে সহায়তা একটি শিল্প/ব্যবসায়ের সম্প্রসারণ, টিকে থাকা ও আধুনিকায়নে প্রয়োজন হয় তাই সমর্থনমূলক সহায়তা। সমর্থনমূলক সহায়তা মাধ্যমে উদ্যোক্তা শিল্প স্থাপন, পরিচালনা, তালিকাভুক্তিকরণ, পুঁজির সংস্থান, কর অবকাশ প্রভৃতি সুবিধা পেয়ে থাকে। উদ্দীপকে জনাব আরিফ ফাস্ট ফুড তৈরির কারখানা স্থাপনের সিদ্ধান্ত নেন। তার কাঁচামাল সরবরাহ ও অবকাঠামোগত কিছু সমস্যা ছিল। যা থেকে উত্তরনের জন্য জনাব আরিফ নিকটবর্তী একটি সরকারি সংস্থার কাছে শরণাপন্ন হন। ফলে সংস্থাটি তালিকাভুক্তিকরণসহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করে। তাই বলা যায়, জনাব আরিফ প্রাথমিক পর্যায়ে সমর্থনমূলক সহায়তা গ্রহণ করেছেন।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১০ (ঘ)	৪	জনাব আরিকের ব্যবসায় স্থাপনে সহায়তাকারী সংস্থা হিসেবে বিসিক এর ভূমিকা মূল্যায়ন করতে পারলে।
	৩	জনাব আরিকের ব্যবসায়টি স্থাপনে সহায়তাকারী সংস্থাটিকে বিসিক হিসেবে প্রমাণ করতে পারলে।
	২	বিসিক এর কার্যক্রম ব্যাখ্যা করতে পারলে
	১	বিসিক এর নাম উল্লেখ করতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ১০ নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

জনাব আরিকের ব্যবসায়টি স্থাপনে সহায়তাকারী সংস্থাটি হলো বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক)। উদ্দীপকের সংস্থাটির সাথে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক) এর কার্যক্রমের সাদৃশ্য রয়েছে। কারণ বিসিকি কাঁচামাল সরবরাহ, তালিকাভুক্তিকরণ ও অবকাঠামোগত সমস্যা সমাধানে সহায়তা করে। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক) দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পের সম্প্রসারণে নিয়োজিত সরকারি খাতের প্রধান সহায়তাকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে। সংস্থাটি বিভিন্ন প্রতিষ্ঠানের তালিকাভুক্তিকরণ, অবকাঠামোগত সুবিধা ও কাঁচামালের সরবরাহে সহায়তা করে থাকে। উদ্দীপকে জনাব আরিক একটি ফাস্ট ফুড তৈরির কারখানা স্থাপন করেন। কিন্তু কারখানাটি স্থাপনের সময় কাঁচামাল সরবরাহ ও অবকাঠামোগত সমস্যায় পড়েন। যা থেকে উত্তরনের জন্য বিসিকের শরণাপন্ন হন। সুতরাং জনাব আরিক ব্যবসায় সফলতা অর্জনে সংস্থাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

### ১১ নং প্রশ্নের উত্তর :

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১১ (ক)	১	ভাল-মন্দের বিচার ক্ষমতা লিখতে পারলে অথবা, নৈতিকতার যে কোনো গ্রহণযোগ্য সংজ্ঞা লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ১১ নং প্রশ্নের (ক) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

নৈতিকতা বলতে মানুষের ভাল মন্দের বিচার-বিশ্লেষণ করে সঠিকটি গ্রহন করাকে বুঝায়।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১১ (খ)	২	শিল্প উন্নয়নের প্রধান সমস্যা হিসেবে পরিবেশ দূষণ ব্যাখ্যা করতে পারলে
	১	পরিবেশ দূষণ লিখলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ১১ নং প্রশ্নের (খ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা হলো পরিবেশ দূষণ। নতুন নতুন শিল্প কারখানা স্থাপনের ফলে শিল্প বর্জ্যের পরিমাণ বেড়ে যায়। এসব বর্জ্য নদী-নালায় পড়ে পানি দূষণ করে। আবার কারখানার কালো ধোঁয়া বায়ু দূষণ করে। তাছাড়া কারখানা মেশিনের বিকট আওয়াজ শব্দ দূষণ করে। এজন্যই বলা হয় শিল্পোন্নয়নে বড় সমস্যা পরিবেশ দূষণ।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১১ (গ)	৩	কর প্রদানকে রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন হিসেবে প্রমাণ করতে পারলে
	২	রাষ্ট্রের প্রতি ব্যবসায়ের দায়িত্ব ব্যাখ্যা করতে পারলে
	১	রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন লিখতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

### ১১ নং প্রশ্নের (গ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:

কর প্রদানের মাধ্যমে জনাব জারিফ রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন করেছেন। ব্যবসায় প্রতিষ্ঠানকে রাষ্ট্রের প্রতি কিছু দায়িত্ব পালন করতে হয়, যেমন- সরকারকে নিয়মিত কর ও রাজস্ব প্রদান করা, সরকারের নিয়মনীতি যথাযথভাবে পালন করা, কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা ইত্যাদি। উদ্দীপকে জনাব জারিফ যথা সময়ে কর প্রদান করেছেন অর্থাৎ তিনি রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন করেছেন।

প্রশ্ন নম্বর	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
১১ (ঘ)	৪	জনাব জারিফের ব্যবসায়ের সুনাম ফিরিয়ে আনার জন্য শ্রমিক কর্মচারীদের প্রতি সঠিকভাবে দায়িত্ব পালনের প্রয়োজনীয়তার পক্ষে যুক্তি প্রদান করতে পারলে।
	৩	জনাব জারিফের ব্যবসায়ের সুনাম নষ্ট হওয়ার জন্য শ্রমিক কর্মচারীদের প্রতি দায়িত্ব পালনে ব্যর্থতার বিষয়টি প্রমাণ করতে পারলে।
	২	শ্রমিক কর্মচারীর প্রতি ব্যবসায়ের দায়বদ্ধতার ব্যাখ্যা করতে পারলে
	১	শ্রমিক কর্মচারীর প্রতি দায়বদ্ধতা উল্লেখ করতে পারলে
	০	অপ্রাসঙ্গিক উত্তর লিখলে

**১১ নং প্রশ্নের (ঘ) অংশের সম্ভাব্য নমুনা উত্তর:**

জনাব জারিফের ব্যবসায়ের সুনাম ফিরিয়ে আনার জন্য শ্রমিক কর্মচারীদের প্রতি দায়িত্ব পালন যথার্থ বলে আমি মনে করি। শ্রমিক কর্মচারীদের প্রতি ব্যবসায়ের দায়বদ্ধতা আছে। যেমন, উপযুক্ত পারিশ্রমিক ও আর্থিক সুবিধা প্রদান, চাকুরির নিরাপত্তা প্রদান উত্যাদি। উদ্দীপকে জনাব জারিফ কর্মচারীদের বোনাস প্রদান না করার কারণে তিন জন কর্মচারী চাকুরী ছেড়ে দেন। এতে প্রতিষ্ঠানের সুনাম নষ্ট হয়েছে। শ্রমিক ও কর্মচারীদের অব্যাহত প্রচেষ্টার ফলেই ব্যবসায়ের মুনাফা অর্জিত হয়। তাই তাদের স্বার্থকে অবহেলা করে ব্যবসা পরিচালনা করা যায় না। ব্যবসায় উন্নতির সাথে তাদের বেতনবাতা বৃদ্ধি ও বোনাস প্রদান করা এবং তাদের অবস্থার উন্নতির চেষ্টা করা উচিত। তাই জনাব জারিফের ব্যবসায়ের সুনাম ফিরিয়ে আনার জন্য শ্রমিক কর্মচারীদের দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে বলে আমি মনে করি।